

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩০
আগরতলা, ১৬ এপ্রিল, ২০২৪

সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ
সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

আইন শৃঙ্খলা, শান্তি ও সুস্থিতি অক্ষুন্ন রাখতে পশ্চিম ত্রিপুরা জেলার সদর ও মোহনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে ৫০০ মিটার এলাকা পর্যন্ত জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার এক আদেশে এই বিধিনিষেধ আরোপ করেছেন। এই বিধিনিষেধ আগামী ২০ এপ্রিল, ২০২৪ থেকে ১৯ জুন, ২০২৪ পর্যন্ত প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে।

আদেশে বলা হয়েছে আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত রাজ্য পুলিশ কর্মী, মিলিটারি/প্যারামিলিটারি বাহিনীর ক্ষেত্রে, পশ্চিম ত্রিপুরা জেলার এসপি এবং সদর ও মোহনপুর মহকুমার মহকুমা শাসকদের দেওয়া বৈধ অনুমতিপত্র প্রাপকের ক্ষেত্রে, অফিসের জরুরী কাজে নিয়োজিত সরকারি কর্মচারির ক্ষেত্রে এবং জরুরী চিকিৎসা প্রয়োজনে রোগীর চলাচলের ক্ষেত্রে এই বিধিনিষেধ কার্যকর হবেনা। এই আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
